

**“চট্টগ্রাম জেলার মীরসরাই উপজেলার উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন : সার্বিক দুর্যোগ ব্যবস্থাপনাকে ভূমি ব্যবহারের মাধ্যমে সম্পৃক্তকরণ” শীর্ষক প্রকল্পে ২১/১২/২০১৭ তারিখে মীরসরাই উপজেলার ০১ নং ইউনিয়ন এ অনুষ্ঠিত PRA সেশনের প্রতিবেদন**

- প্রকল্পের নাম : “চট্টগ্রাম জেলার মীরসরাই উপজেলার উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন : সার্বিক দুর্যোগ ব্যবস্থাপনাকে ভূমি ব্যবহারের মাধ্যমে সম্পৃক্তকরণ” শীর্ষক প্রকল্প
- PRA** সেশন অনুষ্ঠিত হওয়ার তারিখ, সময় ও স্থান : ২১/১২/২০১৭ তারিখে মীরসরাই উপজেলার ০১ নং করেরহাট ইউনিয়ন এ সকাল ৯.৩০ ঘটিকায় ইউনিয়ন পরিষদের সম্মেলন কক্ষে PRA সেশন অনুষ্ঠিত হয়।
- উপস্থিতির তালিকা : PRA সেশন এ উপস্থিতির তালিকা পরিশিষ্ট ‘ক’ তে সংযুক্ত করা হলো।
- আলোচনা : “চট্টগ্রাম জেলার মীরসরাই উপজেলার উন্নয়ন পরিকল্পনা প্রণয়নঃ সার্বিক দুর্যোগ ব্যবস্থাপনাকে ভূমি ব্যবহারের মাধ্যমে সম্পৃক্তকরণ” শীর্ষক প্রকল্পের প্ল্যানার প্রকল্পের সার্বিক বিষয়াদি সম্পর্কে ধারণা প্রদান করেন। আলোচনার শুরুতে তিনি আনুষ্ঠানিক পরিচয়পর্ব পরিচালনা করেন। এরপর তিনি নগর উন্নয়ন অধিদপ্তরের কার্যক্রম এবং মীরসরাই উপজেলার জন্য চলমান উন্নয়ন প্রকল্প সম্পর্কে উপস্থিত জনগণকে অবহিত করেন। এছাড়া তিনি মীরসরাই উপজেলায় নির্মাণাধীন দেশের সর্ববৃহৎ অর্থনৈতিক অঞ্চল বিষয়ে আলোচনা করেন। তিনি উপজেলায় অর্থনৈতিক অঞ্চলের প্রভাব সম্পর্কে তুলে ধরেন। তিনি উল্লেখ করেন যে ঢাকা ও বন্দর নগরী চট্টগ্রামের সাথে উন্নত যোগাযোগ ব্যবস্থা ও অর্থনৈতিক অঞ্চলের ফলে জনসংখ্যা বৃদ্ধিসহ সম্ভাব্য সৃষ্ট অন্যান্য সমস্যা মোকাবেলায় মিরসরাই উপজেলার জন্য যথাযথ পরিকল্পনার প্রয়োজন। তিনি উপস্থিত সদস্যদের তাদের স্ব-স্ব এলাকার সমস্যাগুলো উপস্থাপন করার অনুরোধ করেন। পিআরএ সেশনে উপস্থিত সদস্যরা অপরিকল্পিত বাড়িঘর নির্মাণের ফলে জলাবদ্ধতা সৃষ্টি হচ্ছে বলে জানান। পাহাড়ি ঢলের কারণে আসা পানি সঠিকভাবে নিষ্কাশিত না হওয়ার ফলেও জলাবদ্ধতা হয়ে থাকে বলে তারা উল্লেখ করেন। এই জলাবদ্ধতার পাশাপাশি সড়কের বেহাল দশাকে তারা ইউনিয়ন এর মূল সমস্যা হিসেবে আখ্যায়িত করেন। এলাকাবাসী ইউনিয়ন এর জলাবদ্ধতা সমস্যা সমাধানে অগ্রাধিকার ভিত্তিতে ইউনিয়নের প্রধান প্রধান খালসমূহের সংস্কার করার প্রয়োজনীয়তা তুলে ধরেন। স্থানীয় প্রতিনিধিগণ এলাকায় মাদকের তীব্র সমস্যা রয়েছে বলে জানান। তারা বলেন এলাকার যুব সমাজ বেশ বিপন্ন এই মাদকের কারণে। ইউনিয়ন এ কোন উন্নত হাসপাতাল নেই বলে এলাকাবাসী উল্লেখ করেন। তারা বলেন নিকটস্থ স্বাস্থ্য কমপ্লেক্স তাদের ইউনিয়ন থেকে অনেক দূরে অবস্থিত হওয়ায় সবার পক্ষে সবসময় সেখানে চিকিৎসা নিতে যাওয়া সম্ভব হয় না। এছাড়া ইউনিয়ন এর বিদ্যমান পুকুরের পাড় বিভিন্ন কারণে ক্ষয়ে যাওয়া এবং এর ফলে সংলগ্ন সড়ক ক্ষতিগ্রস্ত হয়ে যাচ্ছে বিধায় এলাকাবাসী পাড় বাঁধাই করার বিষয়ে প্রস্তাবনা দিয়েছেন। উচ্চ বিদ্যালয়ের অভাব, বিশুদ্ধ পানির সমস্যা, খেলার মাঠের অভাব, বাজারের নির্দিষ্ট জায়গার অভাব, ক্রমাগত কৃষি ভূমি হ্রাসের ফলে কৃষি পণ্যের উৎপাদন কমে যাওয়া, বিভিন্ন স্থানে গণশৌচাগারের অভাব ইত্যাদি নানা সমস্যার কথা তুলে ধরেন এলাকাবাসী। পরবর্তীতে প্রতিনিধিগণ অপরিকল্পিত বাড়িঘর নির্মাণ রোধে কঠোর আইন প্রণয়নের দাবী জানান। পিআরএ সেশনে সমস্যাবলী বিষয়ে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহিত হয়-
- গৃহিত সিদ্ধান্তসমূহ : ১। পাহাড়ী ঢলে ফলে সৃষ্ট জলাবদ্ধতা  
২। মাদক সমস্যা  
৩। আধুনিক হাসপাতাল নেই  
৪। সড়কের বেহাল দশা  
৫। খেলার মাঠ নেই  
৬। বিশুদ্ধ পানির সমস্যা  
৭। অপরিকল্পিত ভাবে পুকুরে মাছ চাষ  
৮। কৃষির উৎপাদন কমে যাচ্ছে  
০৯। অপরিকল্পিত বাড়িঘর নির্মাণ  
১০। বর্জ্য ব্যবস্থাপনার অভাব  
১১। উচ্চ বিদ্যালয়ের অভাব  
১২। গণশৌচাগারের অভাব

পিআরএ সেশনে উল্লেখিত প্রতিটি সমস্যার সমাধানের বিষয়েও আলোচনা করা হয়, সমস্যাগুলোর সমাধান নিয়ে আলোচনা করা হয়। উপস্থিত সদস্যদের ইউনিয়ন এ প্রয়োজনীয় সুবিধাসমূহের সম্ভাব্য অবস্থান সরবরাহকৃত মানচিত্রে প্রদর্শন করার জন্য অনুরোধ জানানো হয়। হাসপাতাল, বাজার, সি এন জি স্ট্যান্ড ইত্যাদি স্থাপনের সম্ভাব্য জায়গা উপস্থিত সদস্যগণ সংশ্লিষ্ট মানচিত্রে চিহ্নিত করেন।